নং ২৬৫৬		তারিখঃ ২০/০৭/২২
উন্নয়ন শাখা	হিসাব শাখা	প্রশাসন শাখা
ডিডিও	মুঃ হিঃ	প্রধান সহঃ
এডিডি (শস্য)	গবেষণাগার	স্টোর সহঃ
এডিডি (পিপি)	প্রকাশনা	অফিস সহঃ
এডিডি (প্রঃ)	অফিস সহঃ	

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
আইসিটি অনুশাখা
খামারবাড়ি, ঢাকা।

ডিএই এর কৃষি সেবাসমুহ:

১. কৃষি গবেষনাগার কর্তৃক উদ্ভাবিত ফসলের নতুন নতুন জাত আবাদ সম্প্রসারণ।
২. লাভজনক/ উচ্চমূল্যের ফসল আবাদ সম্প্রসারণ করা।
৩. নতুন নতুন আধুনিক কৃষি প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা।
৪. ফসলের রোগ পোকামাকড় দমনের জন্য আধুনিক প্রযুক্তির ব্যবহার।
৫. নিরাপদ ফসল উৎপাদনের আধুনিক কৌশল ব্যবহার।
৬. জৈব,অজৈব ও জীবাণু সার এবং সুষম সার ব্যবহার বৃদ্ধিকরণ
৭. ফসল উৎপাদনে আধুনিক সেচ প্রয়োগ পদ্ধতির ব্যবহার।
৮. কৃষিতে যান্ত্রিকীকরণের ব্যবহার বৃদ্ধি করা।
৯. স্মার্ট কৃষি কৌশল অবলম্বন করা (জিএপি)।
১০. জেনেটিক কৃষি কৌশল জনপ্রিয়করণ (জিংক, আয়রণ, ভিটামিন এ সমৃদ্ধ ফসল)
১১. পুষ্টিসমৃদ্ধ ফল, সবজি ও শস্য উৎপাদন বৃদ্ধি করা।
১২. উলম্ব/ ভার্টিক্যাল কৃষি কৌশল অবলম্বন করা।
১৩. কৃষি জমির সর্বোচ্চ ব্যবহার তথা অনাবাদী /পতিত জমি ব্যবহার করা।
১৪. পারিবারিক পুষ্টির উন্নয়নে বসতবাড়িতে ফল ও সবজি বাগান স্থাপন করা।
১৫. নগর কৃষি তথা ছাদ বাগান জনপ্রিয় করা।
১৬. ভাসমান বেডে সবজি চাষ জনপ্রিয় করা।
১৭. পুকুর পাড়, মাছের ঘের ও আইলে সীম ,লাউ, মিষ্টি কুমড়া /করলা চাষ জনপ্রিয় করা।
১৮. লবনাক্ত এলাকায় তরমুজ, খিরা এবং চর এলাকায় পেয়াঁজ,সয়াবিন ও ভুট্টা চাষ জনপ্রিয় করা।
১৯. আংশিক ছায়াযুক্ত স্থানে আদা,হলুদ, আনারস চাষ করা।
২০. সামান্য জলমগ্ন নিচু জমিতে লতিকচু চাষ করা।
২১. কৃষির বাণিজ্যিকীকরণে কৃষিতে নতুন নতুন উদ্যোক্তা তৈরি করা।
২২. কৃষিতে ডিজিটাল পদ্ধতির ব্যবহার বৃদ্ধি করা (কৃষকের জানালা)।
২৩. উচ্চ মানসম্পন্ন বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণে কৃষকদেরকে দক্ষ করে তোলা।
২৪. ফলের মানসম্পন্ন চারা কলম উৎপাদনে নার্সারিম্যানদের দক্ষ করে তোলা।
২৫. ফলের উৎপাদন বৃদ্ধিতে ফল গাছের সুষ্ঠ পরিচর্যাকরণে বাগানীদের প্রশিক্ষিত করা।
২৬. উচ্চমূল্যের ফল উৎপাদনে নতুন নতুন বাগান সৃজন করা (কাজু বাদাম, কফি)।
২৭. কৃষিতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারিদের কৃষির আপডেট জ্ঞান লাভে নিয়মিত প্রশিক্ষণ প্রদান।
২৮. কৃষি প্রযুক্তি সম্প্রসারণে কৃষকদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান, মাঠ দিবস, সভা, সেমিনার ও মোটিভেশন ট্যুরের আয়োজন করা।